গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০১২.২০.০৭১.২৪- ৮০২

তারিখ- ২৩ আষাঢ় ১৪৩১ / ০৭ জুলাই ২০২৪

বিষয়: **২০২৪-২৫ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ ও বিদেশ ভ্রমণ সীমিতকরণ।**

১. সূত্র: অর্থ বিভাগের পত্র নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৫, তারিখ: ০৪ জুলাই ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগ কর্তৃক ০৪ জুলাই ২০২৪ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৫ নং স্মারকে **২০২৪-২৫ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ ও বিদেশ ভ্রমণ সীমিতকরণ** করে পরিপত্র জারী করেছে।

এমতাবস্থায়, পরিপত্রে উল্লিখিত অর্থনৈতিক খাতসমূহের বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সূত্রক্ত পত্রের নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: অর্থ বিভাগের পরিপত্র।**

০৭.০৭.২০২৪
মোঃ আবুসাঈদ
উপসচিব ( বাজেট)
ফোন : ০২৫৫১০১০৪৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১। চেয়ারম্যান, চবক/মোবক/বিআইডব্লিউটিএ/বাস্থবক/পাবক/বিআইডব্লিউটিসি/জানরক
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগাম
৪। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/বরিশাল/সিলেট/পাবনা/রংপুর
৫। কাউন্সিলর, বাংলাদেশ মেরিটাইম অ্যাফেয়ার্স উইং, লন্ডন, বাংলাদেশ দূতাবাস, লন্ডন,ইংল্যান্ড
৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম/মাদারীপুর
৭। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০
৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নৌপরিবহন মন্ত্রণালয়, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন,২২ পুরানা পল্টন, ঢাকা
৯। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

অনুলিপি:
১। সিনিয়র সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (প্রশাসন/বাজেট), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিবিধ

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৫

তারিখ: ২০ আষাঢ় ১৪৩১ / ০৪ জুলাই ২০২৪

## পরিপত্র

বিষয়ঃ **২০২৪-২৫ অর্থবছরে পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ ও বিদেশ ভ্রমণ সীমিতকরণ।**

বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধনের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানীসমূহের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

(ক) চলতি ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে **পরিচালন বাজেটের আওতায়** নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) সকল ধরনের থোক বরাদ্দ (কোড নং ৩৯১১১১১ ও ৪৯১১১১১) হতে ব্যয় বন্ধ থাকবে;

(২) '৩২১১১১৩-বিদ্যুৎ', '৩২৪৩১০১-পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে;

(৩) পরিচালন বাজেটের আওতায় শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট স্থাপনা ব্যতীত নতুন আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) নির্মাণ বন্ধ থাকবে। তবে চলমান নির্মাণ কাজ ন্যূনতম ৭০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(৪) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে। তবে, ১০ বছরের অধিক পুরোনো টিওএন্ডইভুক্ত যানবাহন প্রতিস্থাপনের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(৫) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে।

(খ) চলতি ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে **উন্নয়ন বাজেটের আওতায়** নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) '৩২১১১১৩-বিদ্যুৎ', '৩২৪৩১০১-পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে;

(২) সকল প্রকার যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') বন্ধ থাকবে;

(৩) '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ'-এর ক্ষেত্রে অধিগ্রহণ কার্যক্রমের সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে; এবং

(৪) পরিকল্পনা কমিশনের অনুকূলে 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাতে জিওবি বাবদ সংরক্ষিত এবং মন্ত্রণালয়/বিভাগের অনুকূলে 'থোক বরাদ্দ' হিসেবে সংরক্ষিত জিওবি'র সম্পূর্ণ অংশ অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে।

(গ) সরকারের নিজস্ব অর্থে সকল প্রকার বৈদেশিক ভ্রমণ/ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণ বন্ধ থাকবে। তবে, অত্যাবশ্যকীয় বিবেচনায় সীমিত আকারে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্ত ক্ষেত্রে বিদেশ ভ্রমণ করা যাবে;

(১) পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সরকারি অর্থায়নে এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা/বিশ্ববিদ্যালয়/দেশ কর্তৃক প্রদত্ত স্কলারশীপ/ফেলোশীপ-এর আওতায় বৈদেশিক অর্থায়নে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্ত বিদেশ ভ্রমণ;

(২) বিদেশী সরকার/প্রতিষ্ঠান/উন্নয়ন সহযোগীর আমন্ত্রণে ও সম্পূর্ণ অর্থায়নে আয়োজিত বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণ;

(৩) Pre-shipment Inspection (PSI)/Factory Acceptance Test (FAT)-এর আওতায় বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি-এর ২ জানুয়ারি ২০২৪ তারিখের ০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে। তবে, একান্ত অপরিহার্য বিবেচনায় PSI/FAT-এর আওতায় বিদেশ ভ্রমণের ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

০৪/০৭/২০২৪
(মোঃ হেলাল উদ্দীন)
উপসচিব
☎ ৯৫১৪১৪৬
ই-মেইল: helalu3@finance.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব, ......................................., মন্ত্রণালয়/বিভাগ
৫. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৮. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৯. জাতীয় কর্মসূচি পরিচালক (অতিরিক্ত সচিব), এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ
১০. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
১১. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
১২. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা